# ২০২৩

## বাংলা — সাম্মানিক

### তৃতীয় সেমেস্টার

### পত্র : SEC-A-1 and SEC-A-2

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

### পত্র : SEC-A-1

### (মুদ্রণ ও প্রকাশনা)

### পূর্ণমান - ৮০

১। (ক) বাংলা যুক্তাক্ষর-এর প্রকৃতি সম্পর্কে আলোচনা করো। ১০

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

*অথবা,*

(খ) গ্রন্থ ও পত্রিকার পঞ্জিকরণ সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো। ১০

২। (ক) কোরেল ড্র সফ্‌টওয়্যারের ব্যবহার পদ্ধতি বুঝিয়ে দাও। ১০

*অথবা,*

(খ) কম্পোজের কাজে ইনডিজাইন ব্যবহারের সুবিধা অসুবিধাগুলি লেখো। ১০

৩। (ক) মুদ্রণ প্রমাদ সংশোধনের জন্য ব্যবহৃত যে-কোনো দশটি সাংকেতিক চিহ্নের পরিচয় দিয়ে তাদের ব্যবহার সম্পর্কে লেখো। ১০

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীর জন্য)**

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানরীতি অনুসারে অশুদ্ধি সংশোধন করো—

স্বরসতী, মুখমুখি, স্বপার্জিত, ব্যাকারণ, দূনীতি, কৃষিজিবী, সমীচিন, মহীয়সি, বিশর্জন, হর্শ। ১০

*অথবা,*

(খ) বইয়ের বাইন্ডিং কত রকমের হতে পারে? যে-কোনো দুইরকম বাইন্ডিং পদ্ধতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ২+৮



MGC Library

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) একটি সার্থক পাণ্ডুলিপি কীভাবে তৈরি করতে হয় তা বিশদে জানাও।

(খ) মুখবন্ধ (Preface) এবং প্রাক্‌কথন (foreward)-এর তফাত কী?

(গ) ব্লার্বে সাধারণত কী লেখা হয়?

(ঘ) পেজমেকার সফ্‌টওয়্যারের কাজ সম্পর্কে সংক্ষেপে লেখো।

(ঙ) টীকা লেখো — এম. এস. ওয়ার্ড।

(চ) টীকা লেখো — নির্ঘণ্ট।

(ছ) টীকা লেখো — অফসেট প্রিন্টিং।

(জ) টীকা লেখো — ডিজিটাল প্রিন্টিং।

MURALIDHAR GIRLS' COLLEGE LIBRARY

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) ISBN-এর পূর্ণাঙ্গ রূপটি লেখো।

(খ) গ্রন্থপঞ্জি কী নির্দেশ করে?

(গ) কোনো ছবির ফাইলের এক্সটেনশন নাম কী হতে পারে?

(ঘ) প্রুফ রিডিং-এ See Copy মানে কী বোঝায়?

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীর জন্য)**

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানানরীতি অনুসারে অশুদ্ধি সংশোধন করো ঃ কাহিনী।

(ঙ) .doc কোন ধরনের ফাইলের এক্সটেনশন নাম?

(চ) 'ক্ষ' - এই যুক্তবর্ণটি বিশ্লেষণ করো।

(ছ) জ্যাকেট কভার কাকে বলে?

(জ) একটি আধুনিক বাংলা কবিতা সংকলনের নাম লেখো।

(ঝ) কোরেল ড্র এবং ইনডিজাইন-এর মধ্যে কোনটি ভেক্টর গ্রাফিক্স সফট্‌ওয়্যার?

(ঞ) 'সংস্কৃত যন্ত্র' ছাপাখানাটির সঙ্গে কার কার নাম জড়িয়ে আছে?

(ট) গুটেনবার্গ কী জন্য পরিচিত?

(ঠ) একটি ওয়ার্ড ফাইলকে পি.ডি.এফ. করার পদ্ধতি কী?

(ড) হাইপার লিংক কী?

(ঢ) Ctrl + P এম.এস.ওয়ার্ড-এ কীসের শর্টকাট কমাণ্ড?

(ণ) ই-ম্যাগাজিন কাকে বলে?

(ত) '#' — এই চিহ্নটি প্রুফ সংশোধনে কী নির্দেশ করে?

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো— দূর্গা।

(থ) DTP-র সম্পূর্ণ রূপটি লেখো।

(দ) এ-৪ (A4) কাগজের মাপ কত?

(ধ) ফ্যাক্সিমিলি কী?

(ন) গ্রন্থের স্পাইনে (spine) কী কী মুদ্রিত থাকে?

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

MGC Library

## পত্র : SEC-A-2

## (ব্যবহারিক বাংলা - ১)

### পূর্ণমান - ৮০

১। নিচের গল্পসূত্রটি অবলম্বনে কমবেশি ৩০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো। ১০

ভোরের সূর্যোদয় দেখা থেকেই মনটা কেমন যেন উদাস হয়ে যায়— তারপর একটু একটু করে বেলা বাড়তে থাকে — ঝলমলে রোদে পাহাড়ের মাথাগুলো দূর থেকে সোনার মতো ঝক্‌ঝক্ করছে দেখা যায়— জীবনটাকে নতুন করে সাজানোর কথা পরিকল্পনা করে তুতুল — হঠাৎই পাশ দিয়ে একটা গাড়ি যেতে যেতে তার পাশে এসে থেমে যায়— গাড়ির জানালার কাঁচটা ধীরে ধীরে নামতেই তুতুল বিস্মিত হয়ে তাকায়— তারপর...

*অথবা,*

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

নিম্নলিখিত অংশটি অবলম্বনে একটি চিত্রনাট্য নির্মাণ করো। ১০

বিপ্রদাসের পায়ের শব্দ শুনে কুমু চমকে উঠল। দাদাকে দেখে বললে, “আলো জ্বেলে দেব কি?”

“না কুমু দরকার নেই” বলে বিপ্রদাস সিন্দুকে তার পাশে এসে বসল। কুমু তাড়াতাড়ি মেঝের উপর নেমে বসে আস্তে আস্তে তার পায়ে হাত বুলিয়ে দিতে লাগল।

বিপ্রদাস স্নিগ্ধস্বরে বললে, “বৈঠকখানায় লোক এসেছিল তাই তোকে ডেকে পাঠাই নি। এতক্ষণ একলা বসেছিলি?”

কুমু লজ্জিত হয়ে বলে, “না, ক্ষেমাপিসি অনেকক্ষণ ছিলেন।” কথাটা ফিরিয়ে দেবার জন্যে বললে, “বৈঠকখানায় কে এসেছিল, দাদা?”

“সেই কথাই তোকে বলতে এসেছি। এবছর জস্টি মাসে তুই আঠারো পেরিয়ে উনিশে পড়লি, তাই না?”

“হাঁ দাদা, তাতে দোষ হয়েছে কী?”

“দোষের কথা না। আজ নীলমণি ঘটক এসেছিল। লক্ষ্মী বোন, লজ্জা করিস নে। বাবা যখন ছিলেন, তোর বয়স দশ— বিয়ে প্রায় ঠিক হয়েছিল। হয়ে গেলে তোর মতের অপেক্ষা কেউ করত না। আজ তো আমি তা পারি নে। রাজা মধুসূদন ঘোষালের নাম নিশ্চয়ই শুনেছিস। বংশমর্যাদায় ওঁরা খাটো নন। কিন্তু বয়সে তোর সঙ্গে অনেক তফাত। আমি রাজি হতে পারি নি। এখন, তোর মুখের একটা কথা শুনলেই চুকিয়ে দিতে পারি। লজ্জা করিস নে কুমু।”

২। (ক) দলবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান বা স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ১০

*অথবা,*

(খ) কবিতা পাঠ ও আবৃত্তি এই দুয়ের মধ্যে কোনো পার্থক্য আছে কী? এ বিষয়ে বিস্তারিত আলোচনা করো। ৪+৬

৩। (ক) সাহিত্যের সঙ্গে চলচ্চিত্রের সম্পর্ক বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' উপন্যাসটির সঙ্গে সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' চলচ্চিত্রটির একটি তুলনামূলক পর্যালোচনা করো। ১০

MURALIDHAR GIRLS' COLLEGE LIBRARY

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) কলাবৃত্ত ছন্দের চারটি বৈশিষ্ট্য লেখো।

(খ) টীকা লেখো — যতি, পংক্তি।

(গ) আবৃত্তির ক্ষেত্রে ফুসফুস বা বায়ুকোষের ভূমিকা বিষয়ে আলোচনা করো।

(ঘ) সুস্পষ্ট উচ্চারণের জন্য কী কী সতর্কতা নেওয়া জরুরি?

(ঙ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমায় হরিদাস চরিত্রটির ভূমিকা আলোচনা করো।

(চ) ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

(ছ) নাট্যরূপ এবং চিত্রনাট্য রচনার মধ্যে প্রধান পার্থক্য সম্পর্কে আলোচনা করো।

(জ) 'ক্ষুধিত পাষাণ' চলচ্চিত্রে নর্তকীর ভূমিকা বিষয়ে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমাটির সংগীত পরিচালক কে?

(খ) শরৎচন্দ্রের উপন্যাস থেকে নাটক হয়েছে— একটি উদাহরণ দাও।

(গ) ঋত্বিক ঘটক পরিচালিত প্রথম সিনেমা কোন্‌টি?

(ঘ) ঋতুপর্ণ ঘোষ পরিচালিত একটি চলচ্চিত্রের নামোল্লেখ করো, যেটি রবীন্দ্রনাথের উপন্যাসের উপর আধারিত।

(ঙ) ঋত্বিক ঘটকের চলচ্চিত্র বিষয়ক একটি বইয়ের নাম লেখো।

(চ) কলাবৃত্ত ছন্দের অপর দুটি নামকরণ কী কী?

(ছ) 'কবিতার ক্লাস' গ্রন্থটির রচয়িতা কে?

(জ) কোন্ ছন্দে রুদ্ধদল কখনো একমাত্রা আবার কখনো দু মাত্রা হিসেবে গণনা হয়?

(ঝ) যে-কোনো একজন মহিলা আবৃত্তিকারের নাম লেখো।

(ঞ) ঘোষ ধ্বনি ও অঘোষ ধ্বনির পার্থক্য লেখো।

(ট) তালব্য ধ্বনি বলতে কী বোঝো?

(ঠ) বাংলা কোন্ ছন্দে শোষণ শক্তি দেখা যায়?

(ড) অমিত্রাক্ষর ছন্দ এবং মুক্তক ছন্দের প্রবর্তক কারা?

(ঢ) রবীন্দ্রনাথের ছোটোগল্প অবলম্বনে নির্মিত দুটি চলচ্চিত্রের নাম লেখো।

(ণ) যবনিকা কী?

(ত) স্পট লাইট কাকে বলে?

(থ) 'বাড়ি থেকে পালিয়ে' গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(দ) 'বাড়ি থেকে পালিয়ে' সিনেমায় বুলবুলভাজা বিক্রেতার পূর্বতন পেশা কী ছিল?

(ধ) 'রবীন্দ্রনাথ'- শব্দটিতে কয়টি দল রয়েছে?

(ন) কোন রীতির ছন্দের লয় ধীর?

---

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY